বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রীজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH
www.bcic.gov.bd

নং- ৩৬.০১.০২৭.০১.০২.০১২১.২০১৯/৪০ তারিখঃ ২৯-০১-২০২০খ্রিঃ।

বিষয় ঃ অভিযোগনামা

বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৮ ভুক্ত অপরাধে জনাব হাছান হাবিবুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (পুর), এসএফপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমার অভিযোগনামা ঃ

১। যেহেতু, আপনি জনাব হাছান হাবিবুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (পুর), এসএফপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট-এ গত ২৪-১১-২০১৪ তারিখ হতে কর্মরত আছেন এর মধ্যে ফেব্রুয়ারী'২০১৯ থেকে এসএফপি'র নির্মাণ বিভাগীয় প্রধান পদে কর্মরত আছেন। শাহজালাল ফার্টিলাইজার প্রকল্পের ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ সময়ের নিরীক্ষা আপত্তি এবং তদপ্রেক্ষিতে সম্পাদিত তদন্তে দেখা যায় যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে স্ক্র্যাপ মালামাল বিক্রয় হয়েছে। এসএফপি'র স্ক্র্যাপ বিক্রির জন্য স্ক্র্যাপের মূল্য নির্ধারণ কমিটির আহবায়ক হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন। এতদসংক্রান্ত বিষয়ে তদন্ত কমিটির নিকট আপনি বলেছেন যে, স্ক্র্যাপ টেন্ডারের মাধ্যমে এবং স্তুপ আকারে বিক্রি করার নিয়ম। স্ক্র্যাপের মূল্য নির্ধারণ প্রসংগে আপনি বলেছেন যে, ০৩টি স্তুপ ছিল। জংগলের কারণে স্ক্র্যাপের কাছে যাওয়া যায়নি। তাই আপনারা স্তুপ আকারে মূল্য নির্ধারণ করেছেন। অথচ স্ক্র্যাপের মূল্য নির্ধারণ কমিটির প্রতিবেদন মতে, উক্ত স্ক্র্যাপের মূল্য কেজি ও পিস ভিত্তিক নির্ধারণ করা হয়েছে।

২। যেহেতু, বিসিআইসি'র Stores Control Manual এর 20.8. তে বলা আছে- In the case of Enterprise, the administrative approval for disposal of Surplus/Obsolete/process by products (which can not be re-used)/un-usable construction materials shall be obtained from the Enterprise/company Management Board while in the case of Project, the administrative approval shall be obtained from the Director-Incharge and the Finance Director.

আপনি উক্ত কমিটির একজন আহবায়ক এবং সংস্থার একজন অভিজ্ঞ কর্মকর্তা হয়েও বিসিআইসি'র Stores Control Manual এর 20.8. এর নির্দেশ অমান্য করেছেন।

৩। যেহেতু, আপনি স্ক্র্যাপ বিক্রয় কমিটির প্রধান হিসেবে এসএফপি কর্তৃক কমিটি গঠনের মাধ্যমে বিপুল পরিমাণ স্ক্র্যাপের নাম মাত্র পরিমান, দর ও বিক্রয়মূল্য প্রাক্কলন পূর্বক ০৩টি অকশন বিক্রয়াদেশ ইস্যু করেন।

৪। যেহেতু, আপনি স্ক্র্যাপ বিক্রয় কমিটির প্রধান হিসেবে স্ক্র্যাপ বিক্রয়ের বিজ্ঞাপন প্রচার, উন্মুক্ত অকশন ও অকশন বিক্রয়ের যথাযথ প্রক্রিয়া অনুসরণ করেননি।

৫। যেহেতু, আপনি আপনি স্ক্র্যাপ বিক্রয় কমিটির প্রধান হিসেবে সংস্থা কর্তৃপক্ষের মতামত ও নিয়ম-নীতি উপেক্ষা করে পিজি সমন্বয় পূর্বক ২৭,৯৩,৭৬৭/- (সাতাইশ লক্ষ তিরানব্বই হাজার সাতশত সাতষট্টি) টাকা নামমাত্র মূল্যে স্ক্র্যাপ বিক্রয়ের মাধ্যমে নিজে ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার লক্ষ্যে ঠিকাদারকে আর্থিক সুবিধা প্রদান করেছেন।

৬। যেহেতু, Stores Control Manual সংস্থা ও সংস্থাধীন কারখানার গুদাম ব্যবস্থা পরিচালনা তথা নিয়ন্ত্রণের জন্য বিসিআইসি পরিচালনা পর্ষদ কর্তৃক প্রনীত অন্যতম দলিল। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশনের ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে পরিচালিত সংস্থার প্রধান কার্যালয়ে, সংস্থাধীন কারখানা/প্রকল্পের জন্য ১লা জানুয়ারী'১৯৮৭ হতে কার্যকর এ ম্যানুয়েল বিগত ৩১-১২-১৯৮৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ১৯১তম বোর্ড সভায় অনুমোদিত ও গৃহীত হয়। এরপর হতে অদ্যাবধি সংস্থার প্রধান কার্যালয়সহ সংস্থাধীন কারখানা/প্রকল্পের গুদাম ব্যবস্থাপনার জন্য বিদ্যমান অন্যমত দলিল। যে যে বিষয়ে উক্ত ম্যানুয়েল বিধান বিদ্যমান সে সে ক্ষেত্রে অন্য কোন বিধির বিধান প্রয়োগ করার সুযোগ নেই। কিন্তু আপনি বিসিআইসি প্রধান কার্যালয়সহ সংস্থাধীন বিভিন্ন কারখানায় গুরুত্বপূর্ণ পদে চাকরীর অভিজ্ঞতা থাকা সত্ত্বেও সংস্থার Stores Control Manual এর ব্যত্যয় ঘটিয়েছেন। যা আপনার ব্যক্তিগত লোভ-লালসা চরিতার্থ, অদক্ষতা, দায়িত্বহীনতা, অসাধুতা এবং অস্বচ্ছতার পরিচয় বহন করে।

৭। যেহেতু, সংস্থার Stores Control Manual"-এর ৩য় অধ্যায় বলা হয়েছে যে' Surplus/obsolete/Scrap disposal সংক্রান্ত অধ্যায়ের ২০.৩ অনুচ্ছেদে বলা হয়েছে যে, Materials which are already out-dated and can not be used under any circumstances, shall be declared obsolete for disposal after obtaining clearance from the concerned User's Department/Division in the same way as mentioned at article 20.2. Process by-products (which can not be re-used) and unusable construction materials also shall be disposed of in the same manner.

একই অধ্যায়ের ২০.৪ অনুচ্ছেদে বলা হয়েছে যে, "As soon as clearance is obtained from the User's Department/Division, a final list of obsolete and surplus materials shall be prepared and placed before the `Identification Committee' who shall take the following steps":- 20.4.1,20.4.2, 20.5, 20.6, 20.6.1, 20.6.2, 20.6.3, 20.6.4, 20.7, 20.8, 20.9, 20.9.1, 20.9.2, 20.9.3, 20.9.4 A অর্থাৎ BCIC Stores Control Manual -এ কারখানা/প্রকল্পের Scrap নিষ্পত্তির সুস্পষ্ট ও পর্যাপ্ত বিধি-বিধান থাকা সত্ত্বেও আপনি ইচ্ছাকৃতভাবে ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার লক্ষ্যে বর্ণিত বিধি-বিধান অনুসরণ করেননি।

চলমানপাতা-০২

৮। যেহেতু, স্ক্র্যাপ মালামালের মূল্য নির্ধারণ কমিটির সদস্য-সচিব জনাব মোঃ ইকবাল কবির, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), এসএফপি-কে তারা যে নিয়মে স্ক্র্যাপের মূল্য নির্ধারণ করেছেন এর ভিত্তি কি জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, স্ক্র্যাপ মালামালের মূল্য নির্ধারণে তার কোন পূর্ব অভিজ্ঞতা নেই। তবে ফোনের মাধ্যমে বিভিন্ন স্থানে এবং অন্যান্য কারখানায় এ জাতীয় স্ক্র্যাপের মূল্য জেনে অনুমানভিত্তিক মূল্য নির্ধারণ করা হয়েছে। যদিও এ বিষয়ে তার জবাবের সাথে কমিটির হিসাব বিভাগীয় সদস্য জনাব খোন্দকার মোহাম্মদ ইকবাল এবং কমিটির আহবায়ক হিসেবে আপনার বক্তব্য সামঞ্জস্যপূর্ণ নয়।

জনাব খোন্দকার মোহাম্মদ ইকবাল, সহকারী প্রধান হিসাবরক্ষক, এসএফপি-কে তারা কিসের ভিত্তিতে মূল্য প্রাক্কলন করেছেন এ প্রশ্ন করা হলে উত্তরে তিনি বলেন, "তৎকালীন বাজার দরের ভিত্তিতে কমিটির সকল সদস্যের মতামতের মাধ্যমে মূল্য প্রাক্কলন করা হয়। তৎকালীন বাজার দর কিভাবে সংগ্রহ করেছেন এর উত্তরে তিনি বলেন, কমিটির সকল সদস্যের মধ্যে আলোচনার মাধ্যমে বাজার দর সম্পর্কে ধারনা/অনুমানের ভিত্তিতে মূল্য নির্ধারণ করা হয়েছে। যদিও বাজার মূল্য সংগ্রহ প্রসঙ্গে কাজটি কমিটির আহবায়ক হিসেবে আপনি কাজটি একাই করেছেন মর্মে কমিটির কাছে উল্লেখ করেছেন। স্ক্র্যাপ মালামালের জন্য দেশব্যাপী ধোলাইখাল, ঢাকা বিখ্যাত হলেও আপনি মূল্য সংগ্রহ করেছেন নতুন বাজার থেকে। আপনার ভাষ্য মতে এ মূল্য সংগ্রহের কোন লিখিত ডক্যুমেন্ট সংগ্রহ করা হয়নি।

৯। যেহেতু, স্ক্র্যাপের মূল্য নির্ধারণ প্রশ্নে কমিটির সদস্যদের মধ্যে জবাবে পরস্পর বিরোধিতা রয়েছে। স্ক্র্যাপের মূল্য নির্ধারন প্রশ্নে জনাব মোঃ আলতা মাসুল ইসলাম বলছেন, অনুমান ভিত্তিক মূল্য নির্ধারণের কথা। জনাব খোন্দকার মোহাম্মদ ইকবাল বলেছেন, কমিটির সকল সদস্যদের মতামতের মাধ্যমে মূল্য প্রাক্কলন করা হয়েছে। জনাব মোঃ ইকবাল কবির, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ) মূল্য নির্ধারণ প্রশ্নে ফোনের মাধ্যমে বিভিন্ন স্থানে এবং অন্যান্য কারখানার এ জাতীয় স্ক্র্যাপের মূল্য জেনে অনুমান ভিত্তিক মূল্য নির্ধারণ করা হয়েছে। আর কমিটির আহবায়ক অর্থাৎ আপনি বলেছেন কাজটি একাই করার কথা। অর্থাৎ স্ক্র্যাপের মূল্য নির্ধারণ প্রশ্নে কমিটির সদস্যদের মধ্যে পরস্পর যোগাযোগহীনতা ও দায়িত্বহীনতা লক্ষ্যনীয়। এক্ষেত্রে কমিটি'র আহবায়ক হিসেবে আপনার এককভাবে কাজ করার মধ্য দিয়ে পুরো কার্যক্রমটি অস্বচ্ছ প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে।

১০। যেহেতু, Stores Control manual এর 20.9.3 ধারা মতে ২৫,০০০/ টাকার তদুর্ধ্ব মূল্যের পন্য বিক্রয়ের ক্ষেত্রে- "by inviting sealed quotations through advertisement in the newspaper when the estimated value of the materials exceeds Tk. 25,000/- (Taka twenty five thousand);" মর্মে বিধান রয়েছে। আলোচ্য ৩টি টেন্ডারে প্রাপ্ত দর যথাক্রমে ১২,৭২,৭০৫/-, ৪,৩৩,৮২০/- ও ১০,৮৭,২৪২/- হলেও কোন ক্ষেত্রেই পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়নি। আলোচ্য প্রক্রিয়ায় স্ক্র্যাপের মূল্য কেজি ও পিস ভিত্তিক প্রাক্কলন করা হলেও স্ক্র্যাপ বিক্রয় করা হয়েছে স্তুপ ভিত্তিতে।

১১। যেহেতু, Stores Control manual এর 20.11.8 ধারা মতে Earnest Money of the successful bidder shall be released after and only after satisfactory lifting of the materials as per terms of the sales order. In case of failure to lift the materials by the buyer as per terms of the sales order, their Earnest Money shall be forfeited forthwith.

যদিও আলোচ্য টেন্ডারে স্ক্র্যাপের মূল্যের সাথে টেন্ডার সিকিউরিটি সমন্বয় করা হয়েছিল। অর্থাৎ পুরো প্রক্রিয়াতেই অস্বচ্ছতা বিরাজমান ছিল। এতদপ্রেক্ষিতে শাহজালাল ফার্টিলাইজার প্রকল্পের স্ক্র্যাপের মূল্য নির্ধারণ ও স্ক্র্যাপ বিক্রয়ের কমিটিভূক্ত সদস্যদের মধ্যে যোগাযোগহীনতা, দায়িত্বহীনতা এবং কমিটি আহবায়কের এককভাবে কাজ করার মধ্য দিয়ে পুরো কার্যক্রমটি একটি অস্বচ্ছ প্রক্রিয়ায় সম্পন্ন হওয়ার দায় আপনার উপর বর্তায়।

১২। যেহেতু, কমিটির একমাত্র বহিরাগত সদস্য জনাব মোঃ কোয়েশ আল মাহমুদ, ম্যানেজার, সোনালী ব্যাংক লি. যদিও টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির কোন কার্যক্রমেই তার কোন অংশগ্রহণ দেখা যায় নাই, এর দায়ভার কমিটি'র আহবায়ক হিসেবে আপনার উপর বর্তায়।

১৩। যেহেতু, স্ক্র্যাপ ডিসপোজালের প্রশাসনিক ও আর্থিক শিরোনাম উল্লেখ পূর্বক পৃথক কোন অনুমোদন গ্রহণ করা হয়নি। পূর্বাপর সকল অনুমোদনই প্রকল্প পরিচালক প্রদান করেছেন। যদিও "Stores Control Manual" অনুযায়ী প্রকল্প পর্যায়ে প্রকল্প পরিচালক disposal of Surplus /obsolete/process by products এর প্রশাসনিক অনুমোদন প্রদানের এখতিয়ারই সংরক্ষণ করেন না। প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের ভারপ্রাপ্ত পরিচালক (Director incharge) এবং সংস্থার অর্থ পরিচালকের নিকট থেকে উক্ত অনুমোদন গ্রহন করতে হবে। ফলে যে পর্যায়ে বিষয়টি নিষ্পত্তিযোগ্য নয় সে পর্যায়ের অনুমোদনে কার্যসম্পাদনের জন্য নোটে অনুমোদন যাচনাকারী কর্মকর্তা তার ভাষায় অজ্ঞানতা যা এ কার্যক্রম সম্পাদনের কারণে অদক্ষতা, উদ্দেশ্যমূলক কর্মসিদ্ধির দায় এবং কর্তৃত্ব বহির্ভূত প্রশাসনিক অনুমোদন নেয়ার কারণে কমিটির আহবায়ক হিসেবে আপনার উপর ক্ষমতার অপব্যবহারের দায় বর্তায়।

চলমানপাতা-০৩

১৪। সেহেতু এক্ষণে, আপনার এরূপ কর্মকান্ড বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৮ (ক) (খ) (ঘ) (চ) ভুক্ত অপরাধ। উল্লেখিত কার্যকলাপের জন্য কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত বা অন্যকোন যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না, তার কারণ (যদি কিছু থাকে) এ নোটিশ পাওয়ার ১০ (দশ) টি কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রদান করবেন এবং এ ব্যাপারে আপনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষন করেন কিনা তাও জবাবে উল্লেখ করবেন। যথাসময়ে জবাব পাওয়া না গেলে ধরে নেয়া হবে যে এ অভিযোগে আপনার কোন জবাব নেই এবং তদপ্রেক্ষিতে কর্তৃপক্ষ আপনার বিষয়ে একতরফা আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন। বিধি অনুযায়ী অভিযোগনামার সাথে একসেট অভিযোগ বিবরণী প্রেরণ করা হলো।

(মোঃ হাইয়ুল কাইয়ুম)
চেয়ারম্যান
বিসিআইসি, ঢাকা।
ফোন নং- ৯৫৬৪১৫৩
E-mail: chairman@bcic.gov.bd

প্রাপক ঃ
জনাব হাছান হাবিবুর রহমান
উপ-প্রধান প্রকৌশলী (পুর)
এসএফপি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

বিতরণ ঃ
০১। প্রকল্প পরিচালক, এসএফপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

অনুলিপি (জেষ্ঠ্যতা বা পদের ক্রমানুসারে নয়) ঃ

০১। পরিচালক (পরিঃ ও বাস্তঃ), বিসিআইসি।
০২। ব্যবস্থাপনা পরিচালক, এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০৩। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।
০৪। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি।
০৫। মহাব্যবস্থাপক, নিরীক্ষা, বিসিআইসি।
০৬। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-১) কর্মচারী বিভাগ, বিসিআইসি।
০৭। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-২) কর্মচারী বিভাগ, বিসিআইসি।
০৮। নোটিশ বোর্ড (সকল)।
০৯। দপ্তর নথি।
১০। মহানথি।